গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

**স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/৮৮৬০ (৬৪)** **তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি.**

**বিষয়: ৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর সময়সূচি।**

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক **৫৩তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী প্রতিষ্ঠান হতে জাতীয় পর্যায় পর্যন্ত (শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা/থানা, জেলা, উপ-অঞ্চল, অঞ্চল ও জাতীয়) অনুষ্ঠিত হবে।

**৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল, মাদ্রাসা ও কারিগরি) | ২৬-০১-২০২৫ খ্রি. | হতে | ২৮-০১-২০২৫ খ্রি. | ০৩ দিন |
| উপজেলা/থানা পর্যায়ে | ৩০-০১-২০২৫ খ্রি. | হতে | ০৫-০২-২০২৫ খ্রি. | ০৭ দিন |
| জেলা পর্যায়ে | ০৭-০২-২০২৫ খ্রি. | হতে | ১০-০২-২০২৫ খ্রি. | ০৪ দিন |
| উপ-অঞ্চল পর্যায়ে (১৫/০২/২০২৫ খ্রি. তারিখ অথবা চাঁদ দেখা সাপেক্ষে পবিত্র শবেবরাত উপলক্ষ্যে খেলা বন্ধ থাকবে) | ১২-০২-২০২৫ খ্রি. | হতে | ১৬-০২-২০২৫ খ্রিঃ. | ০৫ দিন |
| অঞ্চল পর্যায়ে | ১৮-০২-২০২৫ খ্রি. | হতে | ২০-০২-২০২৫ খ্রি. | ০৩ দিন |
| জাতীয় পর্যায়ে (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রামের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে) | ২২-০২-২০২৫ খ্রি. | হতে | ২৭-০২-২০২৫ খ্রি. | ০৬ দিন |

**৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্টসমূহ**

**(১) অ্যাথলেটিকস্ :**

**(i) বালক :**

**(ক) বড় গ্রুপ :**

(১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) ৮০০ মিটার দৌড় (৫) ১৫০০ মিটার দৌড় (৬) বর্শা নিক্ষেপ (৭) দীর্ঘ লম্ফ (৮) উচ্চ লম্ফ (৯) লাফ ধাপ ও ঝাঁপ (১০) চাকতি নিক্ষেপ (১১) গোলক নিক্ষেপ (১২ পাঃ) (১২) দন্ড যোগে উচ্চ লাফ (পোল ভল্ট) (১৩) দড়ি লাফ (১৪) ৪×২০০ মিটার যোগাযোগ দৌড়।

**(খ) মধ্যম গ্রুপ :** **উচ্চতা (৫'-৩")**

(১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) দীর্ঘ লম্ফ (৫) উচ্চ লম্ফ (৬) লাফ, ধাপ ও ঝাঁপ (৭) গোলক নিক্ষেপ (৬ পাঃ) (৮) দড়ি লাফ (৯) ৪×১০০ মিটার যোগাযোগ দৌড়।

**(গ) ছোট গ্রুপ :** **উচ্চতা (৪'-৯") গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১৯ (ক) অনুযায়ী ছোট (ছেলে) জেলা পর্যায় পর্যন্ত খেলবে।**

(১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) দীর্ঘ লম্ফ (৪) উচ্চ লম্ফ (৫) ৪×৫০ মিটার যোগাযোগ দৌড়।

**(ii) বালিকা :**

**(ক) বড় গ্রুপ :**

(১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) দীর্ঘ লম্ফ (৫) উচ্চ লম্ফ (৬) গোলক নিক্ষেপ(৮ পাঃ) (৭) বর্শা নিক্ষেপ (৮) চাকতি নিক্ষেপ (৯) লাফ ধাপ ও ঝাঁপ (১০) দড়ি লাফ (১১) ৪×১০০ মিটার যোগাযোগ দৌড়।

**(খ) মধ্যম গ্রুপ :** **উচ্চতা (৫')**

(১) ১০০ মিটার দৌড় (২) ২০০ মিটার দৌড় (৩) ৪০০ মিটার দৌড় (৪) দীর্ঘ লম্ফ (৫) উচ্চ লম্ফ (৬) বর্শা নিক্ষেপ (৭) লাফ ধাপ ও ঝাঁপ (৮) দড়ি লাফ (৯) ৪×১০০ মিটার যোগাযোগ দৌড়।

**(০২)** হকি (ছাত্র ও ছাত্রী) **(০৩)** ক্রিকেট (ছাত্র ও ছাত্রী) **(০৪)** বাস্কেটবল (ছাত্র ও ছাত্রী) **(০৫)** ভলিবল (ছাত্র ও ছাত্রী) **(০৬)** ব্যাডমিন্টন একক ও দ্বৈত (ছাত্র ও ছাত্রী) **(০৭)** টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র ও ছাত্রী) **(০৮)** সাইক্লিং (ছাত্র ও ছাত্রী)

অ:পৃ:

➢ **রেজিস্ট্রেশন :** উপজেলা পর্যায়ে দলীয় এবং ব্যক্তিগত ইভেন্টে অংশগ্রহণকারী শিক্ষার্থী খেলোয়াড়দেরকে গঠনতন্ত্রের পরিশিষ্ট 'ঘ' এবং পরিশিষ্ট 'ঙ' অনুযায়ী (ফরমের কপি সংযুক্ত) আগামী ১৩/০১/২০২৫ হতে ২৪/০১/২০২৫ তারিখ পর্যন্ত ফরম পুরণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। উল্লিখিত পূরণকৃত পরিশিষ্ট ফরম গুলো পরবর্তি পর্যায়ে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, ব্যক্তিগত ইভেন্টের ক্ষেত্রে ফরমের সাথে সম্প্রতি তোলা ০১টি পাসপোর্ট সাইজের ছবি এবং ০১টি 3R সাইজের ছবি সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজ ছবি (রঙ্গিন) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করার ক্ষেত্রে এমনভাবে করবেন যেন স্বাক্ষর ও সিল কিছু অংশ ফরমে কিছু অংশ ছবিতে থাকে। 3R সাইজের ছবি (রঙ্গিন) ফরমের অপর পৃষ্ঠায় সংযুক্ত করে সকল পর্যায়ের কর্মকর্তারা স্বাক্ষর করবেন যেন স্বাক্ষর ও সিল কিছু অংশ ফরমে কিছু অংশ ছবিতে থাকে।

**৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সাধারণ নিয়মাবলি**

- বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গঠনতন্ত্রে উল্লিখিত নিয়মানুসারে সকল খেলা পরিচালিত হবে। গঠনতন্ত্রের অনুচ্ছেদ-২৪ এর (ক) অনুযায়ী ক্রীড়া প্রতিযোগিতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর (স্কুল, মাদ্রাসা ও কারিগরি-ভোকেশনাল) অংশগ্রহণ বাধ্যতামূলক।
- দলীয় খেলায় শুধুমাত্র চ্যাম্পিয়ন দল পরবর্তী পর্যায়ে যাবে। ব্যক্তিগত ইভেন্টে (অ্যাথলেটিকস্ ও সাইক্লিং) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রতিটি ইভেন্টে ০২ (দুই) জন খেলোয়াড় শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।
- ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা পাসের প্রত্যয়ন পত্র এবং নবম, দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জেএসসি/জেডেসি এর রেজিস্ট্রেশন ও ESIF লিস্ট এর মূল কপি প্রদর্শন করতে হবে। বিদ্যালয় পরিবর্তনের ক্ষেত্রে প্রধান শিক্ষকের প্রত্যয়নপত্র, টি.সি. (মূল কপি), ডিজিটাল জন্ম নিবন্ধন মুল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে। লেমিনেটিং কোনোক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- বিদ্যালয়ের EIIN নম্বর গঠনতন্ত্রের পরিশিষ্ট 'ক' ফরমের উপরে উল্লেখ করতে হবে। স্ব-স্ব দলের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা প্রতিষ্ঠানের Password সংরক্ষণ করবেন এবং প্রয়োজন হলে কর্তৃপক্ষকে প্রদান করবেন।
- একই প্রতিষ্ঠানে সাধারণ ও কারিগরি (ভোকেশনাল) শিক্ষার্থী থাকলে ৫৩তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদেরকে নিয়ে দল গঠন করতে পারবে। গঠনতন্ত্রের অন্যান্য নিয়মাবলি যথাযথ অনুসরণ করতে হবে।
- প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীর বয়স ২৬/০১/২০২৫ খ্রি. তারিখে অনুর্ধ্ব ১৭ বছর হতে হবে।
- গঠনতন্ত্রের অনুচ্ছেদ-২২ এর (ঙ) ধারা অনুযায়ী এসএসসি পরীক্ষার্থীগণ খেলায় অংশগ্রহণ করতে পারবেনা।
- গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১৯ (ঙ) অনুযায়ী ০১ জন প্রতিযোগী অ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় ৩ (তিন)টি ইভেন্টের বেশী অংশগ্রহণ করতে পারবে না। অ্যাথলেটিকস্ ইভেন্টে ০১ জন শিক্ষার্থীর জন্য ০১টি ফরম ব্যবহার করতে হবে।
- সকল পর্যায়ে অনলাইনে রেজিস্ট্রেশন/সনদ যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।
- উপজেলা পর্যায়ের বিজয়ীদল এবং ব্যক্তিগত ইভেন্টে বিজয়ী খেলোয়াড়দের সকল তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ০১ (এক) সেট ছবিসহ সংরক্ষণ করিবেন। পরবর্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রেরণ করবেন।

➢ **উপরে উল্লিখিত এবং গঠনতন্ত্রে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংশ্লিষ্ট সকল পর্যায়ে কমিটির নিকট দাখিল করতে হবে। উক্ত কাগজপত্রাদি দাখিলে ব্যর্থ হলে প্রতিযোগিতায় অংশগ্রহণে অযোগ্য বলে বিবেচিত হবে। নিয়ম বহির্ভূত শিক্ষার্থী অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট সকলকে গঠনতন্ত্র অনুযায়ী শাস্তির আওতায় আনা হবে।**

উপজেলা/থানা বিজয়ীদের তালিকা খেলোয়াড়দের ছবিসহ জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের বিজয়ীদের তালিকা উপ-অঞ্চল পর্যায়ে, উপ-অঞ্চল পর্যায়ের বিজয়ীদের তালিকা অঞ্চল পর্যায়ে, অঞ্চল পর্যায়ের বিজয়ীদের তালিকা জাতীয় পর্যায়ে সম্পাদকের নিকট যথাযথ কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরসহ পাঠাতে হবে। সকল পর্যায়ের বিজয়ীদের তালিকা PDF ফাইল ই-মেইলে (sports.phy2023@gmail.com) প্রেরণ করতে হবে।

প্রত্যেক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/১২/২০২৪

**(মো: শহিদুল ইসলাম)**
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
ও
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি

**জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)**

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/ ৮৮৩(১৪)/১২৫০ তারিখ: ০২ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মহাপরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (ক. ও প্র./মাধ্যমিক/প. ও উ./ প্রশিক্ষণ/মনি. এন্ড ইভা./ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।

০৫। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি জেলা পরিষদ (সকল)।

০৬। উপজেলা চেয়ারম্যান ও সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি উপজেলা পরিষদ (সকল)

০৭। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।

০৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।

০৯। পুলিশ সুপার (সকল)।

১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহ-সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি উপজেলা পরিষদ (সকল)।

১১। সিভিল সার্জন সংশ্লিষ্ট জেলা (সকল)।

১২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ।

১৩। মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।

১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সম্পাদক, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি উপজেলা/থানা পরিষদ (সকল)। (সংশ্লিষ্ট উপজেলা/থানায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানকে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭। জেলা ক্রীড়া অফিসার (সকল)।

১৮। সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা (সকল জেলা)।

১৯। সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Message Communication -এ প্রকাশের অনুরোধসহ)।

২০। সংরক্ষণ নথি।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)**

০১। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। মাননীয় বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) এর একান্ত সচিব, (মাননীয় বিশেষ সহকারী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬। সংরক্ষণ নথি।

০১/১২/২০২৪

**(মো: শহিদুল ইসলাম)**
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি
ফোন: ০২-৪১০৫০৪৪৮।
Email: ddphysical@gmail.com

০১/১২/২৪

রঙিন ছবি
(পাসপোর্ট সাইজ)

**পরিশিষ্ট 'ঘ'**

এন্ট্রি ফরম ১

**ব্যক্তিগত খেলা**

প্রতি,

অবৈতনিক সম্পাদক,

অ্যাথলেটিকস্/সাইক্লিং/দাবা/সাঁতার প্রতিযোগিতা,

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি

........................................................উপজেলা/থানা।

তারিখঃ........................

জনাব,

অনুগ্রহপূর্বক............................................................... বিদ্যালয়/মাদ্রাসা......................... শ্রেণির ছাত্র/ছাত্রী ........................................................................................ উচ্চতা.................. ফুট .................. ইঞ্চি ..................................................... বিষয়ে প্রতিযোগিতার জন্য ..................... (কথায়...............................) টাকা জমা করিবেন এবং নাম তুলিবেন।

প্রতিযোগী বিদ্যালয়/মাদ্রাসার একজন নিয়মিত ছাত্র/ছাত্রী এবং সে একই ক্লাসে এক বৎসরের বেশী অধ্যয়ন করে নাই কিংবা নীচের ক্লাসে অবনমিত হয় নাই। সে আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

.....................................................বিদ্যালয়/মাদ্রাসা

............................................... উপজেলা/থানা/জোন

মোঃ শহিদুল ইসলাম
উপ-পরিচালক (শাঃশিঃ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

**পরিশিষ্ট 'ঙ'**

এন্ট্রি ফরম ২

**দলীয় খেলা**

প্রতি,

অবৈতনিক সম্পাদক, ...............................................

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি

............................................উপজেলা/থানা।

তারিখঃ............................

জনাব,

অনুগ্রহপূর্বক আমাদের দলকে খেলায় অংশগ্রহণের জন্য এন্ট্রি করিবেন....................................... এর জন্য ........................(কথায়................................................) টাকা জমা দেওয়া হইল।

বিদ্যালয়ের নাম .........................................................................................................

| ক্রমিক নং | খেলোয়াড়ের নাম | ছাত্র/ছাত্রীর স্বাক্ষর |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |
| ১৪। | | |
| ১৫। | | |
| ১৬। | | |

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোল্লিখিত প্রতিযোগীগণ আমার বিদ্যালয়ের/মাদ্রাসা/কারিগরি ভোকেশনাল প্রতিষ্ঠানের নিয়মিত ছাত্র/ছাত্রী। তাহারা আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছে এবং তাহাদের কেহই একই ক্লাসে এক বৎসরের অধিক অধ্যয়ন করে নাই কিংবা নীচের ক্লাসে অবনমিত হয় নাই।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

.............................................বিদ্যালয়/ মাদ্রাসা

৩/১২/২০২৪

মোঃ শহিদুল ইসলাম
উপ-পরিচালক (শাঃশিঃ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।